মেহেরপুরের নানা আয়োজনে শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত

মেহেরপুরে নানা আয়োজনের মধ্য দিয়ে শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত হয়েছে।

আজ শনিবার (১৪ ডিসেম্বর) সকাল সাড়ে ৯ টার দিকে দিবসটি যথাযথ মর্যাদায় পালনের লক্ষে গণকবরে পুষ্পার্ঘ্য অর্পণ করা হয়। জেলা প্রশাসক সিফাত মেহনাজ ও মুক্তিযোদ্ধারা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

পরে শহীদদের আত্মার মাগফিরাত কামনাসহ দেশ ও জাতির মঙ্গল কামনায় বিশেষ মোনাজাত করা হয়। পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়।

এসময় পুলিশ সুপার মাকসুদা আক্তার খানম, বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন আব্দুল মালেক, স্থানীয় সরকারের উপপরিচালক (ভারপ্রাপ্ত) মোঃ তরিকুল ইসলাম, অতিরিক্ত জেলাপ্রশাসক (শিক্ষা ও আইসিটি) মোঃ রনি আলম নূর, সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোঃ আবীর হোসেন, মোঃ সাজেদুল ইসলাম, মেহেরপুর সরকারী কলেজের অধ্যক্ষ ড. এ.কে.এম নজরুল কবির, মেহেরপুর সরকারী মহিলা কলেজের অধ্যক্ষ মুহা. আবদুল্লাহ আল-আমিন শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

মেহেরপুরে পালিত হলো বিশ্ব পরিযায়ী পাখি দিবস

‘পোকা মাকড় রক্ষা করে পাখির জীবন’ এই প্রতিপাদ্য বিষয়কে সামনে নিয়ে মেহেরপুরে অনুষ্ঠিত হলো বিশ্ব পরিযায়ী পাখি দিবস-২০২৪। দিবসটি উপলক্ষে আজ বুধবার দুপুরে মেহেরপুর জেলা প্রেস ক্লাব মিলনায়তনে পরিযায়ী পাখি রক্ষা বিষয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর ফাউন্ডেশনের আয়োজনে জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযমের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর শহর সমাজসেবা কর্মকর্তা সোহেল মাহমুদ।

মেহেরপুর ফাউন্ডেশনের পরিচালক নাসের চৌধুরীর সঞ্চালনায় আলোচনা সভায় আরও বক্তব্য রাখেন মেহেরপুর সরকারি কলেজের সহকারী অধ্যাপক কাউসার আলী, বিএনপি নেতা আনোয়ারুল হক কালু, জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, দৈনিক কালের কন্ঠ প্রতিনিধি ইয়াদুল মোমিন, বাসস প্রতিনিধি দিলরুবা খাতুন, সাংবাদিক আমিরুল অল্ডাম, হারুনর রশিদ রবি, আকতারুজ্জামান, সিদ্দিকী শাহিন, মাসুদ রানা, তোফায়েল হোসেন, পাভেল মাহমুদ, পিজেইউএস এর নির্বাহী পরিচালক গোলাম কিবরিয়া।

বক্তারা বলেন, শীতের শুরুতে বিভিন্ন পরিযায়ী পাখির আমাদের এখানে আগমন ঘটে। পরিযায়ী পাখি অনেক দুর দুরান্ত থেকে আমাদের এলাকায় এসে পর্যটকদের আনন্দ দেয়। অতিরিক্ত শীতে পরিযায়ী পাখি নিজ এলাকায় থাকতে না পেরে আমাদের এলাকায় চলে আসে। এসকল আশ্রয়প্রার্থী পরিযায়ী পাখিদের রক্ষা করা আমাদের সকলের দায়িত্ব।

বক্তারা আরও বলেন, পরিযায়ী পাখি বিভিন্ন ক্ষতিকর পোকা মাকড় খেয়ে থাকে। এর ফলে আমাদের ফসল উৎপাদনও বৃদ্ধি পায়। ফসলে কীটনাশক ব্যবহার করার ফলে অনেক পরিযায়ী পাখি ফসল খেয়েও মারা যায়। এক শ্রেণির পাখি শিকারি বিভিন্ন মাধ্যমে পরিযায়ী পাখিদের হত্যা করে। আমাদের উচিত পরিযায়ী পাখি সংরক্ষনে এগিয়ে আসা।

আলোচনা সভায় সুশীল সমাজের প্রতিনিধি, শিক্ষক, জেলার বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে বিশ্ব মানবাধিকার

দিবস পালিত

“আমাদের অধিকার, আমাদের ভবিষ্যত এখনই” এ শ্লোগানে ঝিনাইদহে বিশ্ব মানবাধিকার দিবস পালিত হয়েছে।

আজ মঙ্গলবার (১০ডিসেম্বর) সকালে বিশ্ব মানবাধিকার দিবস উপলক্ষে কোস্টাল ডেভেলপমেন্ট পার্টনারশিপ (সিডিপি) ও জেলা মানবাধিকার ফোরামের আয়োজনে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বর থেকে একটি র্যালি বের করা হয়। র্যালিটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে পায়রা চত্বরে গিয়ে শেষ হয়। সেখানে ঘন্টা ব্যপি চলে মানববন্ধন।

পরে পদ্মা সমাজ কল্যাণ সংস্থার সম্মেলন কক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়। কোস্টাল ডেভেলপমেন্ট পার্টনারশিপ (সিডিপি)’র এরিয়া কোঅডিনেটর হাবিবুর রহমান এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাংলাদেশ মানবাধিকার বাস্তবায়ন সংস্থার সভাপতি আমিনুর রহমান টুকু।

বিশেষ অতিথি ছিলেন, বাংলাদেশ মানবাধিকার বাস্তবায়ন সংস্থার সাধারণ সম্পাদক হাফিজুর রহমান, বাংলাদেশ মানবাধিকার ফোরামের সাধারণ সম্পাদক ও উই’র নির্বাহী পরিচালক শরিফা খাতুন, সনাকের সিনিয়র সদস্য এন এম শাহজালাল, মানবাধিকার কর্মী শাহিনুর রহমান, জিহান লেমন, রিতা খাতুন, নাছির উদ্দিন, মামুনুর রশিদ, জান্নাতুল ফেরদৌস, চন্দন বসু মুক্ত, রুহুল আমিন ও গাওসি গোর্কি।

অনুষ্ঠান পরিচালনা করেন ঝিনাইদহ সিডিপির রিসোর্স মোবালাইজেশন এন্ড পার্টনারশিপ অফিসার পারভিন নাহার।

বক্তারা বলেন, মানবাধিকার এবং জলবায়ু পরিবর্তনের মধ্যকার গুরুত্বপূর্ণ সম্পর্ক তুলে ধরা, বিশেষ করে নারী ও দূর্বল জনগোষ্ঠীর উপর এর অসম প্রভাব নির্দেশ করা। জলবায়ু কর্মসূচিতে মানবাধিকার নীতিমালা অন্তর্ভুক্ত করার জন্য সুপারিশ করা এবং সমস্ত জলবায়ু-সম্পর্কিত নীতিমালা ও কর্মসূচিতে জেন্ডার-সংবেদনশীল এবং অন্তর্ভূক্তিমূলক পন্থা অবলম্বনের জন্য আহবান জানানো হয়।

মেহেরপুরে বিশ্ব মানবাধিকার দিবস পালিত

“এসো সবাই ঐক্য গড়ি, সবার অধিকার রক্ষা করি” এই প্রতিপাদ্যে মেহেরপুরে বিশ্ব মানবাধিকার দিবস পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে র্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

বাংলাদেশ তথ্য ও মানবাধিকার ফাউন্ডেশন মেহেরপুর জেলা শাথার আয়োজনে আজ মঙ্গলবার (১০ ডিসেম্বর) সকাল ১১ টার দিকে শহরের কবি নজরুল শিক্ষা মঞ্জিলের হল রুমে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনার আগে কবি নজরুল শিক্ষা মঞ্জিল প্রাঙ্গণ থেকে একটি র্যালি বের করা হয়। র্যালিটি প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে আলোচনার স্থানে এসে শেষ হয়।

বাংলাদেশ তথ্য ও মানবাধিকার ফাউন্ডেশন মেহেরপুর জেলা শাখার সভাপতি সাংবাদিক রফিক উল আলমের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ড. গাজী রহমান।

এসময় তারা মানবাধিকার রক্ষায় একসঙ্গে কাজ করার গুরুত্ব নিয়ে আলোচনা করেন এবং সামাজিক সচেতনতা বৃদ্ধির জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণের ওপর জোর দেন।

ফাউন্ডেশনের সাধারণ সম্পাদক মোছাঃ দিলারা পারভীনের সঞ্চালনায় আলোচনা সভায় মেহেরপুর প্রেস ক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন মেহেরপুর জেলা শাখার আহবায়ক ইমতিয়াজ আহমেদসহ
বাংলাদেশ তথ্য ও মানবাধিকার ফাউন্ডেশন মেহেরপুর জেলা শাখার সদস্য, স্থানীয় গণ্যমান্য ব্যক্তি এবং সমাজকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস পালিত

‘দুর্নীতির বিরুদ্ধে তারুণ্যের একতা: গড়বে আগামীর শুদ্ধতা’ এ প্রতিপাদ্যে মেহেরপুরে পালিত হয়েছে আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস।

মেহেরপুর জেলা প্রশাসন ও মেহেরপুর জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির উদ্যোগে আজ (৯ ডিসেম্বর) সোমবার সকাল দশটার সময় জেলা শিল্পকলা একাডেমির মিলনায়তনে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সাধারণ সম্পাদক মোঃ মোশারফ হোসেন সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর ডাঃ মহী উদ্দিন আহমেদ, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আব্দুল করিম, দুর্নীতি দমন কমিশনের সহকারি পরিচালক বুলবুল আহমেদ।

এর আগে আন্তর্জাতিক দুর্নীতি প্রতিরোধ দিবস উপলক্ষে জাতীয় পতাকা ও দুর্নীতি দমন পতাকা উত্তোলন করা হয়। জেলা প্রশাসক সিফাত মেহেনাজ জাতীয় সঙ্গীতের সুরে শিল্পকলা একাডেমীর সামনে জাতীয় পতাকা উত্তোলন করেন এবং শিল্পকলা একাডেমীর সামনে মানববন্ধন অনুষ্ঠিত হয়।

এ সময় বক্তব্য রাখেন সিনিয়র সহকারী কমিশনার নাদির হোসেন শামীম,

সদর উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) গাজী মুয়ীদুর রহমান, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের পক্ষে বক্তব্য রাখেন আশিক রাব্বি।

দর্শনায় যথাযোগ্য মর্যাদার সাথে শত্রুমুক্ত দিবস পালিত

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনায় যথাযোগ্য মর্যাদার সাথে জাতীয় ও মুক্তিযোদ্ধা পতাকা উত্তোলন ও র্যালির মধ্য দিয়ে শত্রুমুক্ত দিবস পালিত হয়েছে।

আজ বুধবার সকাল ১০ টায় দর্শনা পুরাতন বাজার মুক্তিযোদ্ধা অফিসে এই উপলক্ষে জাতীয় সংগীতের সাথে জাতীয় পতাকা ও মুক্তিযোদ্ধা পতাকা উত্তোলন করা হয়।

আজকের এই দিনে ১৯৭১ সালে পাক হানাদার বাহিনীর সম্মুখ যুদ্ধে পরাজিত করে পাক হানাদার মুক্ত করেছিলেন বীর মুক্তিযোদ্ধারা। প্রতিবছরের ন্যায় এই দিনে দর্শনা শত্রু মুক্ত দিবস পালন করা হয়।

আজ বুধবার সকালে অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করেন দক্ষিণ-পশ্চিম অঞ্চলের মুক্তিযুদ্ধের সংগঠক কমরেড অ্যাডভোকেট মোঃ শহিদুল ইসলাম, মুক্তিযোদ্ধা কমান্ডার কমরেড সৈয়দ মজনুর রহমান।

এ সময় উপস্থিত ছিলেন দর্শনা শত্রুমুক্ত দিবস পালন কমিটির আহবায়ক সাবেক উপজেলা ডেপুটি কমান্ডার বীর মুক্তিযোদ্ধা বেলাল হোসেন, সাবেক উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার রেজাউল করিম, সাবেক দর্শনা পৌর কমান্ডার বীর মুক্তিযোদ্ধা মোঃ হাফিজুর রহমান মোল্লা, মোঃ জাহাঙ্গীর আলম, বীর মুক্তিযোদ্ধা আনোয়ার ইসলাম বাবু, বীর মুক্তিযোদ্ধা এরশাদ আলী মাস্টার, বীর মুক্তিযোদ্ধা ফজলুর রহমান প্রমুখ। পতাকা উত্তোলন শেষে দর্শনা পৌর মুক্তিযোদ্ধা অফিস থেকে একটি র্যালির বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে।

চুয়াডাঙ্গায় আন্তর্জাতিক ও জাতীয় প্রতিবন্ধী দিবস পালিত

“অন্তর্ভুক্তিমূলক টেকসই ভবিষ্যৎ বিনির্মাণ, বিকশিত নেতৃত্বে এগিয়ে যাবে প্রতিবন্ধী জনগণ” প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে ৩৩তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস এবং ২৬তম জাতীয় প্রতিবন্ধী দিবস উদযাপন করা হয়েছে।

আজ মঙ্গলবার সকাল এগারোটার সময় দিবসটি উপলক্ষে বর্ণাঢ্য র্যালি বাহির হয়ে চুয়াডাঙ্গা জেলা শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের কার্যালয় এসে শেষ হয়।

র্যালি পরবর্তী আলোচনা সভায় চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল ইসলামের সভাপতিত্বে আলোচনার সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলওয়াত করেন চুয়াডাঙ্গার সমন্বিত দৃষ্টি প্রতিবন্ধী বিদ্যালয়ের খন্ডকালীন শিক্ষক দৃষ্টি প্রতিবন্ধী আব্দুল করিম। স্বাগত বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা জেলার প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা আনোয়ারুল ইসলাম। প্রতিবন্ধীদের মধ্যে বক্তব্য রাখেন মিম্মা সুলতানা ও প্রত্যাশা সমাজিক উন্নয়ন সংস্থার সমন্বয়কারী মোহাম্মদ ইউনুস আলী।

এ সময় সভাপতির বক্তব্য চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল ইসলাম বলেন আমাদের মানসিক পরিচর্যা দরকার। দৃষ্টিভঙ্গির প্রতিবন্ধকতা দূর করতে না পারলে উন্নয়নকে অর্থবহ করে তুলতে পারবো না। কাউকে পিছনে রেখে সামনে এগোনো যাবে না

আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা পুলিশ সুপার খন্দকার গোলাম মওলা বিপিএম-সেবা, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মিজানুর রহমান, জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক সিদ্দিকা সোহেলী রশিদ।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন চুয়াডাঙ্গা সরকারি প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের ফিজিওথেরাপি এন্ড রিহ্যাবিলিটেশন বিভাগের কনসালটেন্ট ও বিভাগীয় প্রধান ডা.নূর আলম আকাশ। আলোচনা সভা শেষ

চুয়াডাঙ্গা প্রতিবন্ধী সেবা সাহায্য কেন্দ্রের মাধ্যমে ১৬ জন প্রতিবন্ধীকে বিনামূল্যে ১৬ টি হুইলচেয়ার প্রদান করা হয় ও একজনকে কর্ণার চেয়ার উপহার দেওয়া হয়। জেলা সমাজ সেবা কার্যালয়ের মাধ্যমে স্ট্রোক, কিডনি ও জন্মগত হৃদরোগ রোগীদের মধ্যে ২০ জনকে ৫০ হাজার টাকা করে চিকিৎসার জন্য অনুদানের চেক প্রদান করা হয়। উক্ত আয়োজনে আরও উপস্থিত ছিলেন জেলা প্রশাসন, পুলিশ ও জেলা সমাজসেবার কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় কারিতাসের উদ্যোগে ৩৩তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস পালিত

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদ হলরুমে আজ মঙ্গলবার সকাল ১১ টার দিকে কারি তাস বাংলাদেশ SDDB প্রকল্পের আয়োজনে ২০২৪ পালিত হয়েছে।

অন্তর্ভূক্তিমূলক টেকসই ভবিষ্যৎ বির্নিমান বিকশিত নেতৃত্বে এগিয়ে যাবে প্রতিবন্ধী জনগন এ স্লোগানকে সামনে রেখে ৩৩তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস এবং ২৬ তম জাতীয় প্রতিবন্ধী দিবস -২০২৪ পালিত হয়।

দিবসটি উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা অনুষ্ঠান শেষে প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার বিতরন, ছাগল ও গাড়লভেড়া বিতরন, শিক্ষা উপকরন প্রদান করা হয়।

অনুষ্ঠানে কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আ:করিম বিশ্বাসের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কে এইচ তাসফিকুর রহমান।

প্রধান অতিথি বলেন, প্রতিবন্ধীরা সমাজের বোঝা নই। তারা আমাদের আপনজন। এ সমাজে তাদের সমান অধিকার। যে কোন প্রয়োজনে তাদের পাশে থাকার আশাবাদ ব্যাক্ত করেন তিনি।

এসময় আরো উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা সমাজসেবা কর্মকর্তা তোফাজ্জেল হক, কার্পাসডাঙ্গা ইউনিয়ন বিএনপির সভাপতি সামসুল আলম, সাংগঠনিক সম্পাদক জাহাঙ্গীর আলম টুটুল, প্যানেল চেয়ারম্যান আলমগীর হোসেন, কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়ির এ এস আই সাইদুর রহমান, এসডিডি প্রকল্পের কার্পাসডাঙ্গা উন্নয়ন কমিটির সভাপতি সুদিন সরকার, আলাউদ্দীন মাস্টার, আনসার আলী, আহসান, কিতাব।

সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন এসডিডি প্রকল্পের ফিল্ড সুপারভাইজার বাপ্পা মন্ডল।

মেহেরপুরে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালিত

ঐতিহাসিক ৭ই নভেম্বর জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালন করেছে মেহেরপুর জেলা বিএনপি’র একাংশ। আজ শনিবার (৯ নভেম্বর) বিকেলে দিবসটি উপলক্ষে জেলা বিএনপি’র একাংশের উদ্যোগে শহরের বড় বাজার অফিস প্রাঙ্গণে এক আলোচনা সভার আয়োজন করা হয়।

জেলা বিএনপি’র সহ-সভাপতি ওমর ফারুকের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জেলা বিএনপি’র সহ-সভাপতি আলমগীর খান ছাতু।

এসময় বক্তব্য রাখেন, জেলা বিএনপি’র যুগ্ম সম্পাদক ফয়েজ মোহাম্মদ, সহ-সাংগঠনিক সম্পাদক মিজান মেনন।

বক্তারা বলেন, খুনি হাসিনার দোষদের বিএনপি’র দালালরা রক্ষা করার চেষ্টা চালিয়ে যাচ্ছে। ষড়যন্ত্র এখনো শেষ হয় নাই তাই সকলকে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানাচ্ছি। আমরা রক্ত ঝরিয়েছি, আমাদের ছাত্রসমাজ রক্ত ঝরিয়েছে এই খুনি হাসিনার দোষরদের রক্ষা করার জন্য নয়।

আলোচনার পরে, বড় বাজার অফিস প্রাঙ্গণ থেকে একটি মিছিল বের করা হয়। মিছিলটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে

এসে শেষ হয়।

এসময় বিএনপি নেতা ফরিদুল হক, নাড়ু, খাইরুল, জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুর রহমান লাবলু, সাংগঠনিক সম্পাদক আসাদুল হক, সাবেক ইউপি সদস্য মুস্তাক রাজা, সদর উপজেলা যুবদলের সাবেক সভাপতি হাসিবুজ্জান স্বপন, জেলা জিয়া মঞ্চের আহবায়ক অ্যাড নজরুল ইসলাম, সদস্য সচিব ও জেলা যুবদলের সদস্য মনিরুল ইসলাম মনি, জেলা ছাত্রদলের সহসভাপতি নাহিদ মাহবুব সানিসহ জেলার বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালিত

দামুড়হুদা কাঁঠাল তলায় জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালিত হয়েছে। আজ বৃহস্পতিবার বিকাল সাড়ে ৪ টার সময় হাউলী ইউনিয়ন যুবদল, সেচ্ছাসেবক দল ও ছাত্রদলের আয়োজনে ঐতিহাসিক ৭ই নভেম্বর জাতীয় বিপ্লব সংহতি দিবস উপলক্ষে
র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

র্যালিটি ডুগডুগি প্রাথমিক বিদ্যালয়ের সামনে থেকে শুরু করে কাঁঠাল তলার প্রধান সড়ক প্রদক্ষিণ করে আবার একই স্থানে এসে শেষ হয়। র্যালি শেষে ডুগডুগি প্রাথমিক বিদ্যালয়ে আলোচনা সভার আয়োজন করা হয়।

চুয়াডাঙ্গা জেলা ছাত্র দলের পাঠাগার বিষয়ক সম্পাদক আরিফুল ইসলাম আরিফের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা স্বেচ্ছাসেবক দলের সিনিয়র যুগ্ম সম্পাদক মঞ্জুরুল জাহিদ।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, আজকের এই দিনটি খুবই গুরুত্বপূর্ণ, আজকের এই দিনে ১৯৭৫ সালে সিপাহি জনতার ঐক্যবদ্ধ বিপ্লবের মাধ্যমে কারাবন্দী জিয়াউর রহমান কে মুক্ত করা হয়েছিলো। তাই আমাদের সবাইকে ঐক্যবদ্ধ হয়ে একসাথে কাজ করতে হবে, নাহলে আমরা

বিজয়ী হতে পারবোনা।

এসময় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা স্বেচ্ছাসেবক দলের সহ-সাংগঠনিক সম্পাদক তোহফাতুর রিংকু, প্রকাশনা সম্পাদক জুয়েল রানা, শ্রম বিষয়ক সম্পাদক ওয়াসিম আহাম্মদ, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক আবু নোমান পাপন, মানবাধিকার বিষয়ক সম্পাদক ডালিম রেজা, তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক ওয়ায়েস আল আমিন, সহ কোষাধ্যক্ষ শাকিল আহম্মেদ শুভ, জেলা যুবদলের সদস্য অমিত হাসান রবিন, তানভীর সোহেল, জাহাঙ্গীর আলম সুইট, তানভীর আক্তার, জেলা ছাত্র দলের যুগ্ম সাধারণ সম্পাদক ইকলাস মুন রায়হান, দপ্তর সম্পাদক সোহেল রানা, বিজ্ঞান ও তথ্য বিষয়ক সম্পাদক মেহেদী হাসান সাজু, সহ ক্রিড়া বিষয়ক সম্পাদক বাপ্পা, চুয়াডাঙ্গা সদর উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য রাজু আহাম্মেদ, রায়হানুল করিম বাপ্পি, পৌর স্বেচ্ছাসেবক দলের সদস্য খায়রুল ইমতিয়াজ তুষ্ট, চুয়াডাঙ্গা সদর উপজেলা যুবদলের সদস্য জসিম, বায়জিদ, বাবু, কাকন, ইয়াসিন আরাফাত, শাকিল হোসেন।

দামুড়হুদা স্বেচ্ছাসেবক দলের নেতা সাইফুল ইসলাম, রফিকুল ইসলাম, যুবদল নেতা মনি, তরিকুল ইসলাম রানা, মাসুদ রানা, সোহাগ হোসেন, তিতাস হোসেন, রুবেল।

উপজেলা যুবদলের সদস্য তরিকুল ইসলাম, সজল, যুবদল নেতা রকিবুল ইসলাম রকিব, দামুড়হুদা উপজেলা ছাত্র দলের সদস্য শাহনাজ বিদ্যুৎ।

এছাড়াও উপস্থিত ছিলেন, রুবেল জান্নাত, আলামিন, সোহাগ, মানিক, লিংকন, মামুন, সালমান, হাসান, রাকিব আলী, আশিক, শরিফুল ইসলাম, ইমন, মামুন, সহিদুল, মিঠুন, জামালসহ স্থানীয় নেতাকর্মী বৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন হাউলী ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহবায়ক আসাদুল হক।